সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিষ্ট/সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার
সঃমেঃই-১/সঃমঃই-২
নথি
ডাইরি নং.........
তারিখঃ 04/03/2020

-২৭-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৪.১৯-৯৪ তারিখঃ ০৩/০৩/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থবছরের জানুয়ারি-২০২০ পর্যন্ত জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০৩/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

০৩/০৩/২০২০
(আবদুল্লাহ-আল-মাসুদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫১৪২৬৬
E-mail: mashudllb@msn.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭-৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন/বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। ইইনসি ইঞ্জিনিয়ার পরিদপ্তর, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১০। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)**
১১। মহা পরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১২। মহা পরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

অনুলিপি সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
৪। যুগ্মপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। উপপ্রধান (পরিঃ ও কার্যঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের জানুয়ারি ২০২০ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি
পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০:০০ ঘটিকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাকে অবহিত করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের মধ্যে ১১টি প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনীর কনষ্ট্রাকশন ব্রিগেড ২৪ ও ৩৪ কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে ১৩৪৭.৮৯ কোটি টাকা বরাদ্দ আছে, যা এ বিভাগের এডিপি বরাদ্দের ৫.৪৫%। জানুয়ারি ২০২০ পর্যন্ত ৯৭৭.৫১ কোটি টাকা (৭২.৫২%) ছাড় করে ৫২৫.০৪ কোটি টাকা ব্যয় করা হয়েছে। বরাদ্দের তুলনায় ব্যয়ের হার ৫৩.৭১%। আগামী জুন ২০২০ এর মধ্যে বাস্তবায়নাধীন ১১টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্পের কাজ সমাপ্ত হবে।

৩. আলোচনা ও সিদ্ধান্তঃ

চলমান, নতুন অনুমোদিত এবং প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়ন/প্রক্রিয়াকরণ অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ<br><br>মেয়াদ: (০১/০৯/১৮-৩০/০৬/২০) | সভায় অবহিত করা হয় যে, আরএডিপিতে এ প্রকল্পের অনুকূলে অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর স্বাক্ষরে ডি.ও পত্র অর্থ বিভাগ ও পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গুরুত্বপূর্ণ স্থানসমূহে ফুটওভার ব্রীজ নির্মাণ, বাস-বে এর অবস্থা ও টোল প্লাজার বিষয়সমূহ চূড়ান্তকরণের নিমিত্তে গত ২৯ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভায় উপস্থাপন করা হয়েছে। সে অনুযায়ী সংশোধিত ডিপিপি প্রস্তুতের কাজ চলমান রয়েছে। আরো জানানো হয় যে, অতিশীঘ্রই পিএসসি সভার তারিখ নির্ধারণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে এবং পিএসসি সভায় ডিটিসিএ এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করা হবে। | (ক) আরএডিপিতে অতিরিক্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করার জন্য অর্থ বিভাগ ও পরিকল্পনা বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) প্রকৃত চাহিদার আলোকে ডিপিপি সংশোধন করে আরডিপিপি এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;<br>(গ) অনতিবিলম্বে পিএসসি সভা আয়োজন করা হবে এবং পিএসসি সভায় ডিটিসিএর প্রতিনিধি অন্তর্ভুক্ত হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর |
| ৩.২ আলীকদম-জ্বালানীপাড়া-কুরুকপাতা-পোয়ামুহরী সড়ক নির্মাণ প্রকল্প<br><br>মেয়াদ: (০১/০১/১৭-৩০/০৬/২১) | সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ প্রকল্পের অনুকূলে এ অর্থবছরে অদ্যাবধি কোন অর্থ ব্যয় না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। দ্রুত অর্থছাড় নিশ্চিত করে কাজ বাস্তবায়নের জন্য দেয়া হয়। | দ্রুত অর্থছাড় নিশ্চিত করে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৩ বগাছড়ি-ননিয়ারচর-লংগদু সড়কের ১০ম কি:মি: এ চেংগী নদীর উপর ৫০০.০০ মিটার দীর্ঘ সেতু নির্মাণ<br>মেয়াদ: (০১/১১/১৬-৩১/১২/২০) | সভায় অবহিত করা হয় যে, অর্থছাড় নিশ্চিত করার লক্ষ্যে নির্বাহী প্রকৌশলী, সওজ, রাঙ্গামাটির সাথে সমন্বয় করা হচ্ছে এবং প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সন্তোষজনক অবস্থায় রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করার পরামর্শ দেয়া হয়। | গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর |
| ৩.৪ সিলেট শহর বাইপাস-গ্যারিসন লিংক টু শাহ পরাণ সেতু ঘাট সড়ক ৪ লেন মহাসড়ক উন্নয়ন<br>মেয়াদ: (০১/০৪/১৭- ৩০/০৬/২০) | সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হবে। নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সমাপ্তের জন্য আরএডিপিতে অর্থ বরাদ্দের চাহিদা নিশ্চিত করার জন্য তিনি অনুরোধ জানান। সওজ কর্তৃক অবহিত করা হয় যে, অর্থছাড় প্রস্তাবে ত্রুটি থাকায় অর্থছাড় প্রক্রিয়া ব্যাহত হয়েছে। সেনাবহিনীর সাথে সমন্বয়পূর্বক অর্থছাড় নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়। | (ক) প্রকল্পটি জুন ২০২০ এ সমাপ্ত হবে বিধায় এ প্রকল্পের অনুকূলে আরএডিপিতে চাহিত অর্থ বরাদ্দ প্রদান করতে হবে।<br>(খ) সেনাবহিনীর সাথে সমন্বয়পূর্বক অর্থছাড় নিশ্চিত করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক |
| ৩.৫ থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ প্রকল্প<br>মেয়াদ: (০১/০১/১৭-৩০/০৬/২০) | সভায় জানানো হয় যে, নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রকল্পের কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ প্রকল্পের অনুকূলে অর্থ ব্যয় কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রার থেকে কম রয়েছে। গুণগতমান বজায় রেখে অর্থ ব্যয় করার নির্দেশনা দেয়া হয়। | প্রকল্পের কার্যক্রমে গুণগতমান বজায় রেখে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় অর্থ ব্যয় করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক |
| ৩.৬ মিরপুর ডিওএইচএস গেট-২ হতে মিরপুর-১২ বাসস্ট্যান্ড পর্যন্ত মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্প<br>মেয়াদ: (০১/০৭/১৭- ৩১/১২/১৯) | সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, পিসিআর প্রস্তুতের কাজ চলমান রয়েছে। অতি দ্রুত পিসিআর এ বিভাগে প্রেরণ করা হবে। | সওজ অধিদপ্তরের মাধ্যমে পিসিআর নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও সওজ |
| ৩.৭ সীমান্ত সড়ক (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) নির্মাণ (১ম পর্যায়)<br>মেয়াদ: (০১/০১/১৮-৩০/০৬/২১) | সভায় অবহিত করা হয় যে, আরডিপিপি প্রস্তুতের লক্ষ্যে গত ২৮ জানুয়ারি ২০২০ তারিখে ২য় সমন্বয় সভা অনুষ্ঠিত হয় এবং গঠিত কমিটি গত ৭-৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে উখিয়া-আশারতলী-ফুলতলী অংশে সরেজমিনে পরিদর্শন সম্পন্ন করেছে। আগামী ২৮-২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে রাঙ্গামাটি ও খাগড়াছড়ি অংশ সরেজমিনে পরিদর্শনকরতঃ চূড়ান্ত রিপোর্ট পেশ করা হবে। আরো জানান হয় যে, ভারত অংশে বিএসএফ এর অনিয়মিত ফায়ারিং এর কারণে সীমান্ত সড়কের সার্ভে কাজে বেগ পেতে হচ্ছে। | (ক)সরেজমিনে পরিদর্শনকরতঃ চূড়ান্ত রিপোর্ট দ্রুত প্রদান করতে হবে।<br>(খ) রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প সংশোধন প্রস্তাব প্রণয়ন করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড, প্রধান প্রকৌশলী, সওজ ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম জোন |
| ৩.৮ কেরানীরহাট-বান্দরবান জাতীয় মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততা ও উচ্চতায় উন্নীতকরণ<br>মেয়াদ: (০১/০৭/১৮- ৩০/০৬/২১) | সভায় জানানো হয় যে, এ প্রকল্পের ব্যয় খাত সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে এবং এ সংক্রান্ত পত্র এ বিভাগ হতে সংশ্লিষ্টদের অবহিত করা হয়েছে। অর্থছাড় নিশ্চিত করে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় ব্যয় নির্বাহের জন্য নির্দেশনা দেয়া হয়। | অর্থছাড় সম্পন্নকরতঃ এ প্রকল্পের ব্যয় নিশ্চিত করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৯ রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ<br>মেয়াদ: (০১/০৭/১৮- ৩১/১২/২০) | সেনাবহিনীর প্রতিনিধি জানান যে, ব্রীজের ডিজাইন পরিবর্তনের বিষয়ে সওজ অধিদপ্তরের মতামত গ্রহণ করা হয়েছে এবং তদানুসারে ডিজাইন চূড়ান্ত নিরীক্ষার প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া, ডিপিপি সংশোধনের নিমিত্ত গত ২৯ জানুয়ারি ২০২০ তারিখে পিআইসি সভা অনুষ্ঠিত হয়। বর্তমানে পিএসসি সভা আয়োজনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | (ক) ব্রীজের ডিজাইন চূড়ান্ত করতে হবে।<br>(খ) দ্রুত পিএসসি সভা আয়োজন করতে হবে। | ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড, সওজ অধিদপ্তর ও পরিকল্পনা উইং |
| ৩.১০ ঢাকা-এয়ারপোর্ট মহাসড়কে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এবং কলেজ এর নিকট পথচারী আন্ডারপাস নির্মাণ<br>মেয়াদ:(০১/০১/১৮- ৩০/০৬/২০) | সভায় অবহিত করা হয় যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে আনুষ্ঠানিকভাবে ০১ এপ্রিল ২০২০ এর পর যে কোন সুবিধাজনক সময়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রকল্পটি উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রকল্পটি উদ্বোধনের সামগ্রিক কার্যক্রম নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করতে হবে এবং প্রস্তুতি নিতে হবে। | সওজ অধিদপ্তর ও ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৩.১১ মহালছড়ি-সিন্দুকছড়ি-জালিয়াপাড়া সড়ক পুনঃনির্মাণ ২য় পর্যায়<br>মেয়াদ: (০১/১২/১৮- ৩১/১২/২১) | সেনাবহিনীর প্রতিনিধি জানান যে, গত ২৭ জানুয়ারি ২০২০ তারিখে IBAS সমস্যা সমাধান এবং অর্থছাড় প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রকল্পের অনুকূলে এডিপিতে ৪০ কোটি টাকা বরাদ্দ থাকলেও এ পর্যন্ত কোন অর্থছাড় ও ব্যয় না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। | দ্রুত অর্থছাড় করে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক |
| নতুন অননুমোদিত প্রক্রিয়াধীন প্রকল্প | | | |
| ৪.১ কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ (২৩ কিলোমিটার) প্রশস্থকরণ ও ৬ কিলোমিটার পুন:নির্মাণ | সভায় জানানো হয় যে, ভূমি অধিগ্রহণের প্রাক্কলন প্রাপ্তি স্বাপেক্ষে ডিপিপি'তে অন্তর্ভুক্ত করে পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা হবে। | ভূমি অধিগ্রহণের প্রাক্কলন প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সওজ অধিদপ্তর ও ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৪.২ মেরিন ড্রাইভের ১ম ১.৭ কিলোমিটার ক্ষতিগ্রস্থ অংশে ফ্লাইওভার নির্মাণ | সেনাবাহিনীর প্রতিনিধি জানান যে, ইতোমধ্যে ডিজাইন চূড়ান্ত হয়েছে এবং ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। | প্রকৃত চাহিদার আলোকে বিভিন্ন অঙ্গের প্রাক্কলন যৌক্তিকভাবে নির্ধারণ করে ডিপিপি চূড়ান্ত করতে হবে। | সওজ অধিদপ্তর ও ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৪.৩ ওয়াকওয়ে নির্মাণ প্রকল্প (কলাতলী হতে লাবনী পয়েন্ট) | সভায় জানানো হয় যে, ডিপিপি প্রক্রিয়াকরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। EIA অনুমোদনের জন্য গত ১২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে পরিবেশ মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়। | EIA অনুমোদন সাপেক্ষে ডিপিপি প্রণয়ন করে অনুমোদনের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | সওজ অধিদপ্তর ও ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড |
| ৪.৪ লেবুখালী-রামপুর-মির্জাগঞ্জ সংযোগ সড়ক নির্মাণ | সভায় অবহিত করা হয় যে, গত ২৩/০১/২০২০ তারিখে ডিপিপি পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্প অনুমোদনের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | প্রকল্প অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | সওজ অধিদপ্তর |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫. বিবিধ | সভায় আলোচনা করা হয় যে, সেনাবাহিনী কর্তৃক যে সমস্ত প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে তা পরিচালনা ও মনিটরিং এর জন্য সওজ অধিদপ্তরের প্রকৌশলীগণ প্রকল্প পরিচালক হিসেবে নিয়োজিত রয়েছেন। তাই বাস্তবায়নাধীন এ প্রকল্পসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং ও সুপারভিশনের জন্য প্রকল্প পরিচালকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কার্যক্রম সওজ অধিদপ্তরের নিয়োজিত প্রকল্প পরিচালকগণ নিয়মিত মনিটরিং ও সুপারভিশন করবেন। | সওজ অধিদপ্তর, ২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও ৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড |

৬. আর কোন আলোচনা না থাকায় সভায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

02/6/2020

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ